



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ক্রেডিট ইনফরমেশন ব্যুরো

সিআইবি সার্কুলার লেটার নং-০১/২০২৩

তারিখঃ ২৯ অগ্রহায়ণ ১৪৩০
১৪ ডিসেম্বর ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

Credit Information System(CIS) এ ঋণতথ্য প্রদানের সময়সীমা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সিআইবি সার্কুলার লেটার নং- ০১/২০২২, তারিখঃ ১৬ জানুয়ারি, ২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উপরোক্ত সার্কুলার লেটার অনুযায়ী সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে ১ (এক) টাকা বা তদুর্ধ্ব বকেয়া স্থিতিসম্পন্ন ঋণতথ্য (পজেটিভ বা নেগেটিভ ক্রেডিট কার্ডের ডাটাসহ) পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে সিআইবি অনলাইন সিস্টেমে আপলোড করার নির্দেশনা রয়েছে। সিআইবি ডাটাবেইজে সংরক্ষিত ঋণতথ্যের মান অধিকতর নির্ভরযোগ্য করাসহ দ্রুতসময়ে গ্রাহকদের হালনাগাদ রিপোর্ট প্রাপ্তির লক্ষ্যে নতুন উন্নয়নকৃত CIS এ আপনাদের ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিদ্যমান ঋণসমূহ এবং নতুন ঋণসমূহ নিম্নোক্তভাবে আপলোড করার নির্দেশনা প্রদান করা হলোঃ

- ১) বিদ্যমান ঋণের (Living loan) প্রতি মাসের শেষ তারিখ ভিত্তিক Contract data পরবর্তী মাসের ১(এক) তারিখ হতে CIS এ Bulk আকারে Upload করতে হবে। আপলোডের সময়সীমা কোনক্রমেই ১৫(পনের) তারিখ অতিক্রম করা যাবে না।
- ২) ঋণ নবায়ন/বর্ধিতকরণ/পুনর্গঠন/পুনঃতফসিল/সমন্বয় কিংবা অন্য কোন কারণে কোন ঋণের শ্রেণিমাণে কোনরূপ পরিবর্তন হলে যে তারিখে ঋণতথ্যের পরিবর্তন হয়েছে সেই তারিখ ভিত্তিক তথ্য (Accounting date) তাৎক্ষণিকভাবে CIS এ Upload করতে হবে।
- ৩) ০১ আগস্ট, ২০২৩ হতে ১৬ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ পর্যন্ত অর্থাৎ CIS চালু হওয়ার পূর্ববর্তী সময়ে মঞ্জুরীকৃত নতুন ঋণের Subject এবং Contract data CIS এ Bulk আকারে আপলোড করতে হবে।
- ৪) ১৬ সেপ্টেম্বর, ২০২৩ পরবর্তী সময়ে মঞ্জুরীকৃত নতুন ঋণসমূহের Subject এবং Contract data CIS এ তাৎক্ষণিকভাবে এন্ট্রির মাধ্যমে Upload করতে হবে।

সিআইবি সার্কুলার লেটার নং - ০১/২০২২, তারিখঃ ১৬ জানুয়ারি, ২০২২ এতদ্বারা রহিত করা হলো।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মুন্সী মোহাম্মদ ওয়াকিদ)
পরিচালক(সিআইবি)
ফোনঃ ৯৫৩০১৩৩